



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ৯৯/২০২১

তারিখ : ২৩ ভাদ্র, ১৪২৮  
০৭ সেপ্টেম্বর, ২০২১

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৭টি ব্যাংক এবং ০১টি আর্থিক প্রতিষ্ঠানে একক পরীক্ষার মাধ্যমে ২০১৯ সাল ভিত্তিক 'অফিসার (সাধারণ)' পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ০৭টি ব্যাংক ও ০১টি আর্থিক প্রতিষ্ঠানে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-এ 'অফিসার (সাধারণ)' এর ২০১৯ সাল ভিত্তিক ২৪৭৮টি শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৩৩/২০২১ তাং-২৩/০২/২০২১ এর সূত্রে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ০৭/০৯/২০২১ হতে ২২/০৯/২০২১ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড এর জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিকের মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক, বিএসসিএস

ও

সদস্য-সচিব, বিএসসি